# ৮ম বিদেশী শ্রমিক নিয়োগের পয়েন্ট সিস্টেম

১৬ ফেব্রুয়ারি ২০২৩

Ministry of Employment and Labor

HRDK Human Resources Development Service of Korea

# বিদেশী শ্রমিক নিয়োগের পয়েন্ট সিস্টেম ঘোষণা

কোরিয়া প্রজাতন্ত্রের কর্মসংস্থান ও শ্রম মন্ত্রণালয় এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় চলতি বছরের জন্য নিম্নরূপ রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম বাস্তবায়নের পরিকল্পনা ঘোষণা করছে।

রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম হলো শুধুমাত্র কোরিয়ান ভাষায় দক্ষতা নয় শারীরিক যোগ্যতা প্রযুক্তিক দক্ষতা, কর্মদক্ষতা ও অভিজ্ঞতা ইত্যাদি সামগ্রিকভাবে মূল্যায়ন করার রিক্রুটিং সিস্টেম। কালার ব্লাইন্ডনেস বা কালার উইকনেস থাকলে ডিস্ক বিচ্যুতি, হাতের আঙ্গুল কাটা বা অস্বাভাবিক থাকা ইত্যাদি শারীরিক প্রতিবন্ধিত্ব থাকলে পয়েন্ট সিস্টম ভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ করানো হবে না।

রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেমে প্রথম রাউন্ড পরীক্ষা (কোরিয়ান ভাষা দক্ষতা পরীক্ষা)'র মাধ্যমে ইন্ডাস্ট্রি ভিত্তিক সর্বনিম্ন নম্বর {ম্যানুফ্যাকচারিং ৫৫ পয়েন্টস} বা তার বেশি নম্বর প্রাপ্তদের ভেতর থেকে উচ্চ স্কোরের ভিত্তিতে চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর সর্বোচ্চ ১.১ সংখ্যক প্রার্থীকে উত্তীর্ণ করানো হবে।

প্রথম রাউন্ড পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের থেকে দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট, কম্পিটেন্সি টেস্ট) নিয়ে, প্রথম ও দ্বিতীয় রাউন্ড পরীক্ষায় প্রাপ্ত পয়েন্টস যোগ করে উচ্চ স্কোরের ভিত্তিতে পূর্ব নির্ধারিত পরিমান প্রার্থী বাছাই করা হবে।

দ্বিতীয় রাউন্ড পরীক্ষায় কম্পিটেন্সি টেস্ট এর জন্য যাদের **আবেদিত ইন্ডাস্ট্রির সাথে সম্পর্কিত চাকরির অভিজ্ঞতা, অথবা ন্যাশনাল সার্টিফিকেট, অথবা, ভোকেশনাল ট্রেনিং, অথবা কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে ইস্যুকৃত নূন্যতম** স্নাতক **ডিগ্রি** আছে তারাই শুধু প্রামাণিক কাগজপত্র জমা দিবে। স্কীল টেস্টে বাধ্যগতভাবে অংশগ্রহণ করতে হবে। অংশগ্রহণ না করলে চূড়ান্ত বাছাই থেকে বাদ দেয়া হবে।

প্রত্যেক পরীক্ষার্থী অবশ্যই কালার ব্লাইন্ডনেস ও কালার উইকনেস আছে কিনা অগ্রিম নিশ্চিত হয়ে, কালার ব্লাইন্ডনেস ও কালার উইকনেস না থাকলে ইপিএস টপিক নিবন্ধন করবেন। স্কীল টেস্ট এর সময় পরিচালিত কালার ব্লাইন্ডনেস ও কালার উইকনেস টেস্টে অনুত্তীর্ণ প্রার্থীকে চূড়ান্ত নির্বাচন থেকে বাদ দেয়া হবে, এবং শারীরিক সমস্যার কারনে সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রিতে কাজের অযোগ্য বিবেচিত হলে পরীক্ষক তাকে চূড়ান্ত নির্বাচন থেকে বাদ দিতে পারেন।

**ফেব্রুয়ারি ১৬, ২০২৩**

ব্যবস্থাপনায়ঃ শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়, কোরিয়া প্রজাতন্ত্র
বাস্তবায়নেঃ এইচআরডি কোরিয়া, কোরিয়া প্রজাতন্ত্র
সহযোগীতায়ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং বোয়েসেল

# রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম

## 1 উদ্দেশ্য

○ পূর্বের নিয়মে ইপিএস টপিক স্কোরের ভিত্তিতে জবসীকার্স রোস্টার তৈরি হতো, যেখানে নিয়োগদাতাদের প্রত্যাশিত কর্মদক্ষতা, শারীরিক যোগ্যতা, কর্ম অভিজ্ঞতা ইত্যাদির কোন প্রতিফলন ছিল না।

**- বিদেশী শ্রমিকের অবস্থান থেকেও কোরিয়ান ভাষার দক্ষতা কিছুটা কম থাকলেও প্রযুক্তিক প্রশিক্ষণ, কর্মদক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন সম্ভাবনাময় প্রার্থীরা চূড়ান্ত বাছাই থেকে বাদ যাওয়ার মত সীমাবদ্ধতা ছিল।**

○ এ ধরনের সীমাবদ্ধতাকে অতিক্রম করে শুধু কোরিয়ান ভাষাগত দক্ষতা নয়, শারীরিক যোগ্যতা, প্রযুক্তিক প্রশিক্ষণ, কর্মদক্ষতা ও অভিজ্ঞতা ইত্যাদি সামাগ্রিক মূল্যায়নের মাধ্যমে চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য এই সিস্টেম তৈরি করা হয়েছে

-এই সিস্টেম চালুর উদ্দেশ্য হল ইপিএস টপিক, স্কীল টেস্ট'র স্কোর, ভোকেশনাল ট্রেনিং, ন্যাশনাল সার্টিফিকেট, চাকরির অভিজ্ঞতা, কলেজ বা বিশ্ববিদ্যলয়ের নূন্যতম স্নাতক ডিগ্রি ইত্যাদি চাকরী প্রার্থী সম্পর্কিত তথ্য সমূহ সরবরাহের মাধ্যমে নিয়োগদাতাদেরকে নিয়োগ প্রক্রিয়ায় সহযোগিতা দেয়া।

- কোরিয়ান ভাষা দক্ষতা কিছুটা কম থাকলেও ভোকেশনাল ট্রেনিং, কর্মদক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের কোরিয়ায় কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণ এই সিস্টেম চালুর অন্যতম উদ্দেশ্য।




## 2 রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম'র গঠন

○ **বাছাই প্রক্রিয়া: ① প্রথম রাউন্ড পরীক্ষা (EPS-TOPIK) → ② দ্বিতীয় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট + কম্পিটেন্সি টেস্ট) → ③ প্রাপ্ত স্কোর যোগ**

○ **চূড়ান্ত বাছাই : প্রতি রাউন্ডে প্রাপ্ত মোট স্কোর হতে উচ্চ স্কোরের ভিত্তিতে চূড়ান্ত বাছাই**

**< ইন্ডাস্ট্রি ভিত্তিক পয়েন্ট বন্টন >**

| ইন্ডাস্ট্রি | মোট পয়েন্ট | ইপিএস টপিক | স্কীল টেস্ট | কম্পিটেন্সি টেস্ট (অতিরিক্ত পয়েন্ট) | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | চাকরির অভিজ্ঞতা (সর্বনিম্ন ১বছর) | ভোকেশনাল ট্রেনিং সম্পন্ন (নূন্যতম ১২০ঘন্টা) অথবা শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম স্নাতক ডিগ্রি, শুধু ম্যনুফ্যাকচারিং শিল্প সংশ্লিষ্ট ডিগ্রি গ্রহনযোগ্য) | ন্যাশনাল সার্টিফিকেট |
| ম্যানুফ্যাকচারিং | ২০০পয়েন্টস | ১০০পয়েন্টস | ১০০পয়েন্টস | ৩পয়েন্টস | ১পয়েন্ট | ১পয়েন্ট |

## 3 ১ম রাউন্ড পরীক্ষা (ইপিএস-টপিক)

○ পরীক্ষার সময় (প্রশ্ন) : **৫০মিনিট [রিডিং (২০টি প্রশ্ন) ২৫মিনিট, লিসেনিং (২০টি প্রশ্ন) ২৫মিনিট]**

○ **পরীক্ষার ধরণ- নৈর্বক্তিক প্রশ্ন, রিডিং ও লিসেনিং এর মাঝে কোন বিরতি নেই**

○ পয়েন্ট বন্টন : ১০০ পয়েন্টস (প্রতি প্রশ্নে ২.৫ নম্বর)
○ ইপিএস টপিক উত্তীর্ণকারীর সংখ্যা: চূড়ান্ত নির্বাচিতব্য প্রার্থীর সর্বোচ্চ ১.১ গুন (উত্তীর্ণ হওয়ার জন্য ন্যুনতম ৫৫ নম্বর লাগবে)
*প্রয়োজনে চূড়ান্ত উত্তীর্ণ প্রার্থী সংখ্যার ভিত্তিতে ১ম রাউন্ডে উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা সমন্বয় করা হতে পারে।

## 4 ২য় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট)

### 1. স্কীল টেস্ট

○ স্কীল টেস্টের আওতাভুক্ত ইন্ডাস্ট্রি: **ম্যানুফ্যাকচারিং**
○ ৩পার্ট (① শারীরিক সক্ষমতা, ② ইন্টারভ্যু, ③ বেসিক স্কীল) নিয়ে গঠিত
○ পয়েন্ট বন্টন

| ইন্ডাস্ট্রি | মোট | স্কীল টেস্ট | | |
|---|---|---|---|---|
| | | শারীরিক সক্ষমতা | ইন্টারভ্যু | বেসিক স্কীল |
| ম্যানুফ্যাকচারিং | ১০০ | ৩০ | ৩০ | ৪০ |

### 2. কম্পিটেন্সি টেস্ট

○ **অংশগ্রহণ (ইপিএস টপিক উত্তীর্ণ ব্যক্তি):** প্রথম রাউন্ড পরীক্ষা (ইপিএস টপিক) উত্তীর্ণকারীদের মধ্যে আবেদিত ইন্ডাস্ট্রি সম্পর্কিত চাকরির অভিজ্ঞতা, ভোকেশনাল ট্রেনিং, কলেজ বা বিশ্ববিদ্যলয় থেকে স্নাতক ডিগ্রি, ন্যাশনাল সার্টিফিকেট আছে এমন ব্যক্তি।
○. **কম্পিটেন্সি টেস্ট সংক্রান্ত ফর্মসমূহ সেন্ডিং এজেন্সির হোমপেইজ ও রিসেপশন ডেস্কে পাওয় যাবে। প্রযোজ্য ফর্মটি পূরণ করে সত্যতা যাচাইয়ের জন্য জমা দিন।**
* আবেদিত ইন্ডাস্ট্রি সাব ক্যাটাগরি সম্পর্কিত চাকরির অভিজ্ঞতা, প্রযুক্তিক প্রশিক্ষণ, ন্যাশনাল সার্টিফিকেট না থাকলে এই সংক্রান্ত কোন প্রামাণিক কাগজ পত্র জমা দিতে হবে না।
○ **জমা দেয়ার সময়সীমা: ২য় রাউন্ড পরীক্ষার নিবন্ধনের শেষ দিন-এর ৪টা পর্যন্ত।**

### 3. কম্পিটেন্সি টেস্ট'র জন্য জমাকৃত প্রামাণিক কাগজপত্র'র সত্যতা যাচাই

○ **ভুয়া কাগজপত্র জমা দিয়ে থাকলে সংশ্লিষ্ট প্রার্থীর পরীক্ষার ফলাফল বাতিল করা হবে এবং পরবর্তী ৩ বছর ইপিএস টপিক অংশগ্রহনের অযোগ্য ঘোষণা করা হবে। এছাড়াও সেন্ডিং এজেন্সির সহযোগিতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।**
* চূড়ান্ত বাছাইয়ের পরে কারো কাগজপত্র ভূয়া প্রমানিত হলে তার ফলাফল বাতিল, জবসীকার্স রোস্টার থেকে বাদ দেয়া, পরবর্তী ২বছর পরীক্ষায় অংশগ্রহনে অযোগ্য ঘোষণা করা হবে।

| প্রথম ধাপ | | দ্বিতীয় ধাপ | | তৃতীয় ধাপ |
|---|---|---|---|---|
| স্কীল টেস্ট'র নিবন্ধনের সময় জমাকৃত প্রামাণিক কাগজপত্রের সত্যতা যাচাই<br>[Sending Agency] | → | আবেদিত ইন্ডাস্ট্রি সাবক্যাটাগরি সম্পর্কিত প্রশ্নে করে ইন্টারভ্যু<br>[HRDKorea, Interviewer] | → | স্কীল টেস্ট'র পরে সন্দেহজনক কাগজপত্র পুনরায় চেক<br>[HRDKorea + Sending Agency] |

## I ১ম রাউন্ড পরীক্ষা (ইপিএস-টপিক)

**১ম রাউন্ড পরীক্ষা (ইপিএস টপিক)'র সময় সূচি**

সময় সূচি ঘোষণা : ফেব্রুয়ারি ১৬, ২০২৩
□ চূড়ান্ত নিবন্ধন (অনলাইন) : ২২ ফেব্রুয়ারি সকাল ১০টা থেকে ২৩ ফেব্রুয়ারি ২০২৩ইং বিকাল ৫টা পর্যন্ত আগে আসলে আগে পাবেন ভিত্তিতে।
□ বোয়েসেল নিবন্ধন ওয়েবসাইট: http://eps.boesl.gov.bd

- ◻ ব্যক্তি ভিত্তিক পরীক্ষার সময় সূচি ঘোষণা: ২৭ মার্চ, ২০২৩
- ◻ ইপিএস টপিক অনুষ্ঠান : ৩ এপ্রিল থেকে ১ জুন ২০২৩
- ◻ ইপিএস টপিক ফল প্রকাশ : ১৬ জুন ২০২৩

## 1. সম্ভাব্য প্রথম রাউন্ড উত্তীর্ণকারীর সংখ্যা

| ইন্ডাস্ট্রি | ইপিএস টপিক নম্বর বন্টন | সম্ভাব্য ১ম রাউন্ড উত্তীর্ণকারীর সংখ্যা | ২য় রাউন্ডের মাধ্যমে সম্ভাব্য নির্বাচিত প্রার্থীর সংখ্যা | মানদন্ড |
|---|---|---|---|---|
| ম্যানুফ্যাকচারিং | ১০০ | ৬৬০০ এর অধিক | ৬০০০ এর অধিক | ইন্ডাস্ট্রি ভিত্তিক সর্বনিম্ন নম্বর (ম্যানুফ্যাকচারিং ৫৫ নম্বর) বা তার বেশি নম্বর প্রাপ্তদের ভেতর থেকে উচ্চ নম্বরের ভিত্তিতে নির্বাচিতব্য প্রার্থীর সর্বোচ্চ ১.১ সংখ্যককে উত্তীর্ণ করানো হবে। |

## 2. ইন্ডাস্ট্রি ও সাবক্যাটাগরি

○ প্রত্যেক প্রার্থীকে অবশ্যই প্রত্যাশিত চাকরির জন্য একটি ইন্ডাস্ট্রি ও একটি সাবক্যাটাগরি পছন্দ করতে হবে, যা পরবর্তীতে আর পরিবর্তন করা যাবে না।

-ম্যানুফ্যাকচারিং ইন্ডাস্ট্রির সাবক্যাটাগরি: (1) পার্টস সংযোজন/ Assemble (2) পরিমাপণ/ Measures (3) জোড়া লাগানো / Join

○ একজন প্রার্থী শুধুমাত্র ১টি আবেদনপত্র জমা দিতে পারেবেন।

## 3. আবেদনের যোগ্যতা

a. যার বয়স ১৮~৩৯ বছর (যার জন্ম ফেব্রুয়ারি ২৩, ১৯৮৩~ ফেব্রুয়ারি ২২, ২০০৫)

b. যার কোন দিন রাষ্ট্রীয় নির্দেশে কারা অন্তরীণ বা কঠিন শাস্তি হয়নি

c. যাকে কোন দিন সরকারি এজেন্সি কর্তৃক দক্ষিণ কোরিয়ার পোর্ট থেকে ফেরত পাঠানো হয়নি, বা সে দেশ বের হওয়ার নির্দেশ দেয়া হয়নি

d. যার উপর বিদেশ যাত্রায় কোন নিষেধাজ্ঞা নেই বা যেতে কোন সমস্যা নেই।

e. যার কালার ব্লাইন্ডনেস ও কালার উইকনেস নেই

* ডিস্ক বিচ্যুতি, হাতের আঙ্গুল কাটা ইত্যাদি শারীরিক সমস্যাযুক্ত ব্যক্তিরা ইপিএস টপিক পরীক্ষা দিতে পারবে, তবে ২য় রাউন্ড পরীক্ষার সময় সাক্ষাৎকারগ্রাহক তার শারীরিক কর্মসক্ষমতা বিবেচনা করে চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে কিনা সিদ্ধান্ত নিবেন।

f. যে ব্যক্তি E-9 অথবা E-10 ভিসায় কোরিয়ায় সর্বমোট ৫বছরের কম সময় কাল বসবাস করেছে।

## 4. বোয়েসেল কর্তৃক ইপিএস টপিক চূড়ান্ত নিবন্ধন

a. নিবন্ধনের সময়সীমা: ২২ ফেব্রুয়ারি থেকে ১০ মার্চ ২০২৩

b. নিবন্ধনের স্থান: Bangladesh Overseas Employment and Services Ltd. (BOESL)

- ① **নিবন্ধন ফর্ম** (অনলাইন ভিত্তিক)

❖ অনলাইনে নিবন্ধন ফর্ম পূরণ সাপেক্ষে প্রবেশ পত্র পাওয়া যাবে।

❖ কম্পিটেন্সি টেস্টের জন্য প্রয়োজনীয় ফর্মসমূহ সেন্ডিং এজেন্সির ওয়েব সাইট বা রিসেপশন ডেস্ক হতে অগ্রিম সংগ্রহ করে ২য় রাউন্ড পরীক্ষার নিবন্ধনের সময়সীমার মধ্যে অফিস সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে (শুধু প্রযোজ্য ব্যক্তি)।

- ② **পাসপোর্ট ফটোকপি**

❖ লটারি উত্তীর্ণ পাসপোর্টটি সাথে নিয়ে আসতে হবে এবং নিবন্ধন ফর্মে লাগানোর জন্য কালার ফটোকপি (১কপি) নিয়ে আসতে হবে।

※ নিবন্ধনের সময় লটারিতে আসা পাসপোর্টটি নিয়ে আসতে হবে। অন্য কোন পাসপোর্ট বা লটারি জেতা পাসপোর্ট নম্বরটির রেফারেন্সে পুনঃ ইস্যু করা পাসপোর্ট নিয়ে আসলেও নিবন্ধন করা যাবে না।

❖ নিবন্ধন ফর্মে উল্লেখিত ব্যক্তিগত তথ্যের সাথে পাসপোর্টের তথ্যের গরমিল থাকলে পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না। এবং এর জন্য প্রার্থী নিজেই দায়ী হবেন।

❖ নিবন্ধন ফর্মে উল্লিখিত ব্যক্তিগত তথ্য ও ছবিটি পরবর্তীতে কোরিয়ায় কর্মসংস্থানের জন্য ব্যবহৃত হবে। সুতরং ব্যক্তিগত তথ্য ও ছবি পরবর্তীতে সংশোধন বা পরিবর্তন অসম্ভব।

- ③ ৩.৫ × ৪.৫ সে.মি. সাইজের ২কপি রঙ্গীন ছবি (গত ৬মাসে তোলা) এইচ.আর.ডি কোরিয়া থেকে প্রাপ্ত সঠিক ও বাতিল ছবির নমুনা :

※ পরীক্ষার্থীকে চেনা যায় না এমন ছবি লাগালে তাকে পরীক্ষায় অংশগ্রহন করতে দেয়া হবে না।

**④ নিবন্ধন ফি**

এইচআরডি কোরিয়া কর্তৃক নির্ধারিত ফি স্কিলটেস্টসহ ২৮ মার্কিন ডলার সমপরিমাণ বাংলাদেশি টাকা ১১০.৭ হারে ৩১০০/- (তিন হাজার একশ) টাকা+ অনলাইন ফি ৫০০/- (পাঁচশ) টাকা মোট ৩,৬০০/- (তিন হাজার ছয়শ) টাকা + বিকাশ কমিশন ৪১.৪০ (একচল্লিশ টাকা চল্লিশ পয়সা) অফেরতযোগ্য বিকাশ অ্যাপ-এর মাধ্যমে প্রদান সাপেক্ষে চূড়ান্ত নিবন্ধন সম্পন্ন করে কোরীয় ভাষা পরীক্ষার প্রবেশপত্র গ্রহণ করতে হবে।

## 5. ব্যক্তি ভিত্তিক পরীক্ষার (ইপিএস টপিক) সময় সূচি ঘোষণা

- **ঘোষণার তারিখ:** ২৭ **মার্চ ২০২৩**
- **ঘোষনার পদ্ধতি :** বোয়েসেল ওয়েবসাইট ও নোটিশ বোর্ড

http://epstopik.hrdkorea.or.kr

## 6. পরীক্ষার তারিখ

**-পরীক্ষার তারিখ: ৩ এপ্রিল ২০২৩**

(আপনার পরীক্ষার সময় সূচি ও বিস্তারিত জানতে ২৭ মার্চ ২০২৩ তারিখে বোয়েসেল ওয়েবসাইট দেখুন)

**-পরীক্ষার সময়**

| সেশন | পরীক্ষার্থী প্রশিক্ষণ | পরীক্ষা | |
|---|---|---|---|
| | | রিডিং(২৫মিনিট) | লিসেনিং(২৫মিনিট) |
| ১ম সেশন | 09:20~09:30 | 10:00~10:25 | 10:25~10:50 |
| ২য় সেশন | 10:50~11:00 | 11:30~11:55 | 11:55~12:20 |
| ৩য় সেশন | 13:20~13:30 | 14:00~14:25 | 14:25~14:50 |
| ৪র্থ সেশন | 14:50~15:00 | 15:30~15:55 | 15:55~16:20 |

* **প্রত্যেক পরীক্ষার্থীকে অবশ্যই প্রশিক্ষণ আরম্ভ হওয়ার পূর্বে (১ম সেশন 09:20, ২য় সেশন 10:50, ৩য় সেশন 13:20, ৪র্থ সেশন 14:50) পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে। এবং পরীক্ষা কক্ষে প্রবেশের পূর্বে বোয়েসেল ব্রিফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে নিতে হবে। আইডেন্টি চেক ব্যতীত কেউ পরীক্ষা কক্ষে প্রবেশ করতে পারবে না। আইডেন্টিটি চেকের সময় সূচি ২৭ মার্চ এপ্রিল ব্যক্তি ভিত্তিক পরীক্ষার সময়সূচির সাথে বোয়েসেল ওয়েব সাইটে প্রকাশ করা হবে। আইডেন্টিটি চেক এর সময়সীমা অতিক্রমের পর আর আইডেন্টিটি চেকের সুযোগ থাকবে না, এবং বোয়েসেল অফিসে নির্ধারিত সময়সীমার মধ্যে আইডেন্টিটি চেক না করিয়ে সরাসরি পরীক্ষার হলে এসে প্রবেশ করা যাবে না। ট্রাফিক জ্যাম বা অন্য কোন অযুহাত গ্রাহ্য হবে না। সুতরাং এ ব্যপারে সতর্ক থেকে যথাসময়ে বোয়েসেল ব্রিফিং রুমে উপস্থিত থাকতে হবে।**
* **পরীক্ষার সময় ও দিনে কতটি সেশন হবে তা কর্তৃপক্ষ সিদ্ধান্ত নিয়ে পরিবর্তন করতে পারবে.**

## 7. ১ম রাউন্ডের সারসংক্ষেপ

| ক্যাটাগরি | প্রশ্নের সংখ্যা | ম্যানুফ্যাকচারিং | পরীক্ষার সময়কাল |
|---|---|---|---|
| রিডিং | ২০ | ১০০ নম্বর | ২৫মিনিট |
| লিসেনিং | ২০ | | ২৫মিনিট |
| **মোট** | **৪০** | **১০০ নম্বর** | **৫০মিনিট** |

a. ইপিএস টপিক'র গঠন ও উত্তীর্ণতার মানদন্ড

-(ইপিএস টপিক'র গঠন) ① নৈর্ব্যক্তিক প্রশ্ন, ② বিরতিহীন রিডিং ও লিসেনিং পার্ট পরীক্ষা

- (উত্তীর্ণতার মানদন্ড) পূর্ণমান ১০০'র মধ্যে ন্যূনতম ৫৫ নম্বর প্রাপ্তদের ভেতরে থেকে সর্বোচ্চ নাম্বারের ভিত্তিতে চূড়ান্ত নির্বাচিতব্য প্রার্থীর সর্বোচ্চ ১১০%কে উত্তীর্ণ করানো হবে।

b. পরীক্ষার দিন যা থাকতে হবে

- প্রবেশ পত্র (নিবন্ধনের দিন সংগ্রহ করে নিতে হবে)
- মূল পাসপোর্ট
  ① নিবন্ধন ফর্মে লাগানো সেই পাসপোর্টটি নিয়ে আসতে হবে।
  ② মূল পাসপোর্ট না থাকলে পরীক্ষায় অংশ গ্রহন করা যাবে না।

## 8. ১ম রাউন্ড উত্তীর্ণ প্রার্থী (স্কীল টেস্ট'র আওতাভুক্ত ব্যক্তি)'র তালিকা প্রকাশ

○**প্রকাশের তারিখ:** ১৬ জুন ২০২৩

○ **প্রকাশের পদ্ধতি**

① **বোয়েসেল ওয়েবসাইট** (www.boesl.org.bd / www.boesl.gov.bd), **নোটিশবোর্ড**
② http://www.eps.go.kr, or
③ http://epstopik.hrdkorea.or.kr

○ **পরীক্ষার্থীর স্কোর প্রকাশ**

- http://www.eps.go.kr

## II ২য় রাউন্ড পরীক্ষা (স্কীল টেস্ট ও কম্পিটেন্সি টেস্ট)

**২য় রাউন্ড পরীক্ষার সময় সূচি:**

□ নিবন্ধন : ১৬ জুন থেকে ২২ জুন ২০২৩

* কম্পিটেন্সি টেস্ট দেয়ার জন্য প্রত্যেক প্রার্থীকে নির্ধারিত নিবন্ধন কেন্দ্রে উপস্থিত হয়ে সময়সীমার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে

* কম্পিটেন্সি টেস্ট এর আযোগ্য ব্যক্তিরা রেজিস্ট্রশন কেন্দ্রে আসার প্রয়োজন নেই। (১ম রাউন্ড উত্তীর্ণরা স্বয়ংক্রিয়ভাবে ২য় রাউন্ডের জন্য নিবন্ধিত হয়ে যাবেন)

□ পরীক্ষার কেন্দ্র ও পরীক্ষার সময় সূচি ঘোষণা : ২৯ জুন ২০২৩

□ স্কীল টেস্ট অনুষ্ঠান (কম্পিটেন্সি টেস্টও একসাথে চলবে) : ৬ থেকে ১৩ জুলাই ২০২৩ (সম্ভাব্য)

□ ফল প্রকাশ : ৯ অগাস্ট ২০২৩

### 1. কম্পিটেন্সি টেস্ট'র কাজগপত্র কিভাবে জমা দিতে হবে?

- ১ম রাউন্ড উত্তীর্ণদের মাঝে যাদের পছন্দকৃত ইন্ডাস্ট্রি সম্পর্কিত চাকরির অভিজ্ঞতা, প্রযুক্তিক প্রশিক্ষণ, ন্যাশনাল সার্টিফিকেট আছে তারাই শুধু জমা দিতে পারবে।
- ১ম রাউন্ড উত্তীর্ণদেরকে অবশ্যই স্কীল টেস্ট দিতে হবে, তবে এর জন্য নিবন্ধন করতে হবে না, স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন হয়ে যাবে। তবে শুধু কম্পিটেন্সি টেস্টে অংশগ্রহনেচ্ছু ব্যক্তিরাই নিবন্ধনের সময়সীমার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

* স্কীল টেস্ট না দেয়া ব্যক্তিরা রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম ভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে না।

○ **নিবন্ধনের সময়সীমা** : ১৬ থেকে ২২ জুন ২০২৩ [০৯:০০ ~ ১৬:০০] অফিস সময়

○ **নিবন্ধনের স্থান: বোয়েসেল অফিস**

○ **নিবন্ধনের পদ্ধতি:** স্বশরীরে এসে

○ **প্রয়োজনীয় কাগজপত্র:**

① মূল পাসপোর্ট, ইপিএস টপিক প্রবেশপত্র

② কম্পিটেন্সি টেস্টের আবেদনপত্র (বোয়েসেল ওয়েবসাইট ও রিসেপশন ডেস্কে পাওয়া যাবে)

③ কম্পিটেন্সি টেস্টের জন্য প্রামাণিক কাগজপত্র

| ক্যাটাগরি | দাখিলতব্য কাগজপত্র | বিস্তারিত | মন্তব্য |
|---|---|---|---|
| চাকরির অভিজ্ঞতা ( ① অথবা ②পছন্দ করুন ) | **চাকরির অভিজ্ঞতার সনদপত্র**(①) | যিনি কোম্পানি (কোম্পানির অবস্থান বিদেশে হলে রিক্রুটিং এজেন্সি) হতে অভিজ্ঞতার সনদপত্র নিতে পারবেন শুধু তিনিই সংযুক্তি 2-2 ফর্মটি জমা দিবেন। | সংশ্লিষ্ট কোম্পানি এইটি ইস্যু করবে। (সংযুক্তি 2-2 দেখুন) |
| | **চাকরির অভিজ্ঞতার সত্যতা প্রত্যয়নপত্র**(②) | কোম্পানি (কোম্পানি বিদেশে অবস্থিত হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি) যদি ব্যবসা বন্ধ বা দেউলিয়া হয়ে থাকে, ক্ষুদ্র কোম্পানি, ট্রেড লাইসেন্স বিহীন কোম্পানি হওয়াতে অভিজ্ঞতার সনদপত্র ইস্যু অসম্ভব হলে, সে ক্ষেত্রে প্রার্থী নিজে সংযুক্তি 2-3 ফর্মটি পূরণ করে গ্যারেন্টর (আত্মীয় ব্যতীত) থেকে স্বাক্ষর নিয়ে জমা দিবেন। | দুই জন গ্যারেন্টর যৌথভাবে দায়িত্ব নিয়ে স্বাক্ষর করতে হবে, গ্যারেন্টরদের ন্যাশনাল আইডি কার্ড বা পাসপোর্ট এর ফটোকপি জমা দিতে হবে, বিদেশে চাকরি করে থাকলে এমপ্লয়মেন্ট ভিসা কপি ও ইমিগ্রেশন রেকর্ড জমা দিতে হবে। সংযুক্তি 2-3 দেখুন। |

| ক্যাটাগরি | দাখিলতব্য কাগজপত্র | বিস্তারিত | মন্তব্য |
|---|---|---|---|
| ভোকেশনাল ট্রেনিং সমাপন বা শিক্ষাগত যোগ্যতা | ভোকেশনাল ট্রেনিং (মূল সার্টিফিকেট) | যিনি সরকারি বা সরকার স্বীকৃত প্রতিষ্ঠান (বিদেশ সহ) হতে কোর্স সমাপনের সার্টিফিকেট নিতে পারবেন তিনিই এইটি জমা দিবেনা। | মূল সার্টিফিকেট প্রদর্শন করে, ফটোকপি জমা দিতে হবে, এবং পরীক্ষার দিন অবশ্যই মূল সার্টিফিকেট সাথে নিয়ে এসে দেখাতে হবে। |
| | শিক্ষাগত যোগ্যতা (মূল সার্টিফিকেট) | কলেজ বা বিশ্ববিদ্যালয় ডিগ্রির সার্টিফিকেট | |
| ন্যাশনাল সার্টিফিকেট | ন্যাশনাল সার্টিফিকেট ফটোকপি | ন্যাশনাল কম্পিটেন্সি সিস্টেমের আওতায় সরকার কর্তৃক ইস্যুকৃত ন্যাশনাল সার্টিফিকেট। | বিদেশ হতে প্রাপ্ত সার্টিফিকেট গ্রহনযোগ্য নয়। পরীক্ষার দিন অবশ্যই মূল সার্টিফিকেট দেখাতে হবে। |

* কোরিয়ায় চাকরির অভিজ্ঞতা গ্রহনযোগ্য
* সংযুক্ত ফর্ম ছাড়াও ইপিএস ওয়েব সাইট হতে প্রিন্ট করা অভিজ্ঞতার সনদপত্রও গ্রহনযোগ্য
* ভোকেশনাল ট্রেনিং সার্টিফিকেটে কোর্সের নাম, প্রশিক্ষণ ঘন্টা, প্রশিক্ষণের বিষয় বস্তু উল্লেখ থাকতে হবে।
* কোন ভুয়া কাগজপত্র জমা দিলে তার পরীক্ষার ফল বাতিল ও পরবর্তী ৪ বছরে ইপিএস টপিকের জন্য অযোগ্য ঘোষণা করা হবে। এবং আইনগত ব্যবস্থা নেয়া হবে।

**অগ্রহনযোগ্য চাকরির অভিজ্ঞতা, প্রশিক্ষণ কোর্স সমাপন, ন্যাশনাল সার্টিফিকেট এর উদাহরণ**

**√চাকরির অভিজ্ঞতা:** কোন প্রার্থীর আবেদিত ইন্ডাস্ট্রি সম্পর্কিত চাকরির অভিজ্ঞতা থাকা সত্ত্বেও সেটি গ্রহনযোগ্য হবে না, যদি তা অপ্রাসঙ্গিক হয়। যেমনঃ বিক্রয়, মানব সম্পদ ব্যবস্থাপনা, হিসাব রক্ষণ, শিক্ষা দান, পাবলিক সার্ভিস (টেকনিশিয়ান ব্যতীত), গ্যাস স্ট্যাশন, রন্ধনকার্য, রেস্টুরেন্টে খাবার পরিবেশন, হেয়ারড্রেসিং ইত্যাদি ম্যানুফ্যাকচারিং, কন্সট্রাকশন, কৃষি ও পশুপালন, ফিশারি শিল্পের চাকরির অভিজ্ঞতা হিসেবে অগ্রহনযোগ্য।
তবে, শিক্ষা দান'র ক্ষেত্রে টেকনিক্যাল শিক্ষা দানের অভিজ্ঞতা ম্যানুফ্যাকচারিং এর জন্য গ্রহনযোগ্য।

**√ প্রশিক্ষণ কোর্স সমাপন:** প্রশিক্ষণ কোর্সটি আবেদিত ইন্ডাস্ট্রির সাথে অপ্রাসঙ্গিক হলে তা গ্রহনযোগ্য নয়। যেমনঃ নার্সিং, হিসাবরক্ষণ, লিডারশীপ ডেভেলপমেন্ট ইত্যাদি অগ্রহনযোগ্য।

**√ন্যাশনাল সার্টিফিকেট :** ন্যাশনাল সার্টিফিকেটটি আবেদিত ইন্ডাস্ট্রির সাথে অপ্রাসঙ্গিক হলে তা গ্রহনযোগ্য নয়। যেমনঃ ড্রাইভিং লাইসেন্স, ল্যাঙ্গুয়েজ সার্টিফিকেট, ভোকেশনাল লাইসেন্স (মেডিক্যাল, ফার্মাসিস্ট, আইনজীবি) ইত্যাদি অগ্রাহ্য।

**√ শিক্ষাগত যোগ্যতা:** আবেদিত ইন্ডাস্ট্রি ক্যাটাগরি (ম্যানুফ্যাকচার) এর সাথে অপ্রাসঙ্গিক ডিগ্রি/ডিপ্লোমার সার্টিফিকেট গ্রহনযোগ্য নয়। যেমন, স্কুল অব মেডিসিন, নার্সিং, অ্যাকাউন্টিং ইত্যাদি ম্যানুফ্যাকচারিং এর ক্ষেত্রে অপ্রাসঙ্গিক। সেন্ডিং এজেন্সি অনুমোদিত কলেজ বিশ্ববিদ্যালয়ের স্ট্যান্ডার্ড নির্ধারণ করবে।

○ **স্কিল টেস্ট-এ নিবন্ধন ফি : নাই**

## 2. স্কিল টেস্ট-এর কেন্দ্র ও সময় সূচি ঘোষণা

○ **ঘোষণার তারিখ:** ২৯ জুন **২০২৩**

○ **ঘোষণার পদ্ধতি: বোয়েসেল ওয়েবসাইট ও নোটিশ বোর্ড**

## 3. স্কীল টেস্ট অনুষ্ঠান

○ **স্কীল টেস্ট সাবক্যাটাগরি ও নম্বর বন্টন**

| ইন্ডাস্ট্রি (স্কীল টেস্ট) | মোট পয়েন্টস | স্কীল টেস্ট | | |
|---|---|---|---|---|
| | | শারীরিক সক্ষমতা | ইন্টারভ্যু | বেসিক স্কীল |
| ম্যানুফ্যাকচারিং | ১০০ | ৩০ | ৩০ | ৪০ |

○ **স্কিল টেস্ট চলবে** : ৬ জুলাই থেকে ১৩ জুলাই **২০২৩ (সম্ভাব্য)**

- **টেস্ট'র সময়কাল পরিবর্তন হতে পারে। স্কিল টেস্ট এর ব্যক্তি ভিত্তিক সময় সূচি প্রকাশিত হবে** ২৯ জুন **২০২৩ তারিখে**

○ **প্রাত্যহিক টেস্ট'র সময়:**

| সেশন | প্রশিক্ষণ (৩০মি.) | মুল টেস্ট (৩ঘন্টা) | স্কোরিং |
|---|---|---|---|
| ১ম সেশন | 08:30 ~ 09:00 | 09:00 ~ 12:00 | 12:00 ~ 12:30 |
| ২য় সেশন | 12:30 ~ 13:00 | 13:00 ~ 16:00 | 16:00 ~ 17:00 |

* আপনার স্কীল টেস্ট'র সময় সূচি পরিবর্তন করতে পারবেন না। 08:30/12:30 এর পরে আসলে পরীক্ষা দেয়া যাবে না।
* কম্পিটেন্সি টেস্ট'র জন্য জমাকৃত কাগজপত্র ইন্টারভ্যুর সময় আবার যাচাই করা হবে। ভুয়া প্রমানিত হলে পরীক্ষার ফল বাতিল সহ পরবর্তী ৩বছর ইপিএস টপিক এর জন্য অযোগ্য করা হবে।(কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে)

## III উত্তীর্ণ প্রার্থীর নাম ঘোষণা

○ **ঘোষণার তারিখ: অগাস্ট ৯, ২০২৩**

○ **ঘোষণার পদ্ধতি:**

① **বোয়েসেল ওয়েবসাইট**
② http://www.eps.go.kr
③ http://epstopik.hrdkorea.or.kr

○ **পরীক্ষার্থীর স্কোর প্রকাশ**

- http://www.eps.go.kr

○ **রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম ভিত্তিক পরীক্ষার ফলাফলের কার্যকারিতার মেয়াদ: ঘোষণার দিন থেকে ২বছর**

## IV দ্রষ্টব্য

1. **কালার ব্লাইন্ডনেস ও কালার উইকনেস থাকলে রিক্রুটমেন্ট পয়েন্ট সিস্টেম ভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যাবে না। এছাড়াও শারীরিক প্রতিবন্ধীত্ব যেমনঃ আঙ্গুল কাটা, ডিস্ক স্থানচ্যুতি ইত্যাদি থাকলেও জবসীকার্স রোস্টার হতে বাদ দেয়া হতে পারে।**
2. মোবাইল ফোন, স্মার্ট ফোন, ট্যাবলেট কম্পিটার, ল্যাপটপ, নোটবুক, মিউজিক/ভিডিও প্লেয়ার, ক্যামেরা, ছবি গ্রহন ও প্রেরণ করা যায় এমন যে কোন যন্ত্র সহ সকল ডিজিটাল ডিভাইস পরীক্ষা কক্ষে ব্যবহার করা বা সাথে রাখলে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হবে।
3. যে কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে, এবং পরবর্তী ৪ বছর ইপিএস টপিক এর অযোগ্য ঘোষণা করা হবে।
   - বিশেষ করে কম্পিটেন্সি টেস্ট এর জন্য জমাকৃত কাগজপত্র ভূয়া প্রমানিত হলে এ বছর পরীক্ষার ফল বাতিল ও পরবর্তী ৪ বছর ইপিএস টপিক এর অযোগ্য ঘোষণা করা হবে।
4. নিবন্ধন ফর্মে উল্লেখ করা তথ্যের (বিশেষ করে- নাম, জন্ম তারিখ)সাথে পাসপোর্টের তথ্যের মিল না থাকলে পরীক্ষায় পাশ করলেও পরবর্তীতে কোরিয়ায় প্রবেশ করা যাবে না। এবং এ ব্যপারে সকল দায় পরীক্ষার্থীর উপর বর্তাবে।
5. চাকরির অভিজ্ঞতার সনদপত্র, চাকরির অভিজ্ঞতার সত্যতা **প্রত্যয়নপত্র ইত্যাদিতে গুরুত্বপূর্ণ তথ্য সমূহ (যেমনঃ নাম, স্বাক্ষর, ফোন নম্বর) বাদ গেলে চলবে না। কিছু বাদ থাকলে, করেকশন টেপ বা ফ্লুইড দিয়ে কিছু সংশোধন করে থাকলে তা গ্রহনযোগ্য হবে না।**

❖ চূড়ান্ত উত্তীর্ণ প্রার্থী শুধু মাত্র জব সীকার্স রোস্টারে নিবন্ধিত হওয়ার যোগ্যতা অর্জন করবে, যা কোরিয়ায় কর্ম সংস্থানের নিশ্চয়তা বহন করে না।
❖ এছাড়াও মেডিক্যাল টেস্টে আনফিট হলে বা কোরিয়ায় অবৈধ বসবাসের রেকর্ড থাকলে বা কোরিয়ায় প্রবেশে নিষেধাজ্ঞা থাকলে সে ব্যক্তি কোরিয়ায় কর্মসংস্থানের সুযোগ থেকে বঞ্চিত হবে।
❖ কোরিয়ায় প্রবেশের পর ড্রাগ টেস্ট ও সিফিলিশ টেস্ট এ পজিটিভ হলে দেশে ফেরত পাঠানো হতে পারে।
❖ কোরিয়ায় E-9 বা E-10 ভিসায় মোট ৫বছরের বেশি থাকা হলে সে ব্যক্তি ইপিএস টপিক দিতে পারবে না।

【Attachment 1】

## **স্কীল টেস্ট সারসংক্ষেপ**

<table>
<tr><th>ইন্ডাস্ট্রি</th><th>সাবক্যাটাগরি</th><th>প্রদত্ত কাজ</th><th>কাজের বিবরণ</th></tr>
<tr><td rowspan="9">ম্যানুফ্যাকচারিং</td><td rowspan="3">Assemble<br>**পার্টস সংযোজন**</td><td>পিন বসানো</td><td>রঙ, সাইজ, আকৃত অনুযায়ী পিন বসানো</td></tr>
<tr><td>রিং ঝোলানো</td><td>সাইজ অনুযায়ী রডএ রিং ঝোলানো</td></tr>
<tr><td>বোল্ট ও নাট সংযোজন</td><td>নির্ধারিত সময়সীমার ভেতর স্কেচ অনুযায়ী দুই ধরণের নাট ও বোল্ট টাইট দেয়া</td></tr>
<tr><td rowspan="3">Measures<br>**পরিমাপন**</td><td>পিন বসানো</td><td>রঙ, সাইজ, আকৃত অনুযায়ী পিন বসানো</td></tr>
<tr><td>রিং ঝোলানো</td><td>সাইজ অনুযায়ী রডএ রিং ঝোলানো</td></tr>
<tr><td>পরিমাপন</td><td>নির্ধারিত সময়সীমার ভেতর প্রদত্ত আয়তন ও দৈর্ঘ্য অনুযয়ী পরিমাপন</td></tr>
<tr><td rowspan="3">**Join**<br>জোড়া লাগানো</td><td>পিন বসানো</td><td>রঙ, সাইজ, আকৃত অনুযায়ী পিন বসানো</td></tr>
<tr><td>রিং ঝোলানো</td><td>সাইজ অনুযায়ী রডএ রিং ঝোলানো</td></tr>
<tr><td>জোড়া লাগানো</td><td>নির্ধারিত সময়সীমার ভেতর প্রদত্ত টুলস ব্যবহার করে নির্দেশিত স্থানে জোড়া লাগানো</td></tr>
</table>

【Attachment 2-1】

# (Job experience, Training course completion, National certificate)

# Competency test relevant documents (Manufacture)

| Application No. (For Sending Agency) | |
|---|---|

I myself will take any responsibilities for falsified documents (certificate of career, copy of certificate) in registering EPS-TOPIK

**※ If applicant's document is proven to be falsified, the test result will invalidated and the person will not be able to take any test for 4 years.**

**Applicants to fill in** * Mark the industry you're applying for(●)

| EPS-TOPIK registration no. | | 0092015P20000001 | |
|---|---|---|---|
| Manufacture | ·Assemble(○) ·Measures(○) ·Join(○) | Construction | ·Rebar(○) ·Carpentry(○) |
| Agriculture & Stockbreeding | ·Agriculture(○) ·Livestock(○) | Fishery | ·Sea Farming(○) ·In and off Shore Fishery(○) |
| Date of birth | . . . | Contact no. | |
| Registration date | 20 . . | Name | (signature) |

**Applicants to fill in** * Mark(●) your answer | **For sending agency**

☐ **Job experience (Only for those who have job experience)**

| One year or more | Less than 1 year |
|---|---|
| ○ | ○ |

| | |
|---|---|
| True | ○ |
| False | ○ |

☐ **Training hours (Only for those who had training)**

| Training | | Academic Background | |
|---|---|---|---|
| 120 hours or more | Less than 120 hours | College or more | High school or less |
| | | | |

| | |
|---|---|
| True | ○ |
| False | ○ |

☐ **Certificates (for those who have certificates, no more than two)**

| No. | Name of the certificate | Issued date | Institute/organization |
|---|---|---|---|
| 1 | | | |
| 2 | | | |

| | |
|---|---|
| True | ○ |
| False | ○ |

**Sending agency** **Name:** **(signature)**

**Interviewer** **Name :** **(signature)**

* Period of total employment should be written in months.
** Certificate of training course should be verified first and total training hours should be stated.
*** Confirm the relevancy of the major specified in the certificate of graduation before writing.
**** Documents should be verified as authentic and total amount of certificates should be stated.

【Attachment 2-2】

**≪When previous company issues certificate of career≫**

**If the company is not in Korea, fill in with the information of recruiting agency**

## Certificate of Career

**Registration number :**

| | | | | |
|---|---|---|---|---|
| Personal information | Nationality | | ID card no. | ********* |
| | Name | | Contact no. | |
| | | | Landline | |
| | Present address | | Mobile phone | |
| | | | E-Mail | |

| | | | |
|---|---|---|---|
| Details on career | Period of employment (YY.MM.DD~YY.MM.DD) | Designation | Task (state specific details) |
| | ~ | | |
| | ~ | | |
| | ~ | | |
| | ~ | | |
| | ~ | | |
| | **Total** | **Period of total employment :** | |

I agree to inform myself and to abide by all policies regarding falsifying documents which is a crime punishable as a felony. I also acknowledge that this is the documents required for the test evaluation, which is agreed upon MOU between Republic of Korea and Bangladesh

Date :

Name : (Signature)

I certify that above information is true and correct.

Date :

Company : Contact no.:

Industry :

Address :

President : (Signature or official seal)

| Issued by | |
|---|---|
| Department | |
| Designation | |
| Contact number | |
| Name | Signature |

**President of HRD Korea**

※ **Caution:** If there is any omission for crucial information such as the signature, seal, names or contact numbers, it loses its effects and the work experiences becomes invalidated.

*It just verify a work experiences from a company. To verify experiences from respective companies, candidates have to submit a sheet of paper for each company.(i.e., 4 sheets of papers for 4 companies)

* It can be replaced by the certificate in EPS system.

【Attachment 2-3】

If one cannot get Certificate of Career because of the bankruptcy of the company or agency (for foreign company) employment history in the too small-scale business, or unauthorized business common in Manufacturing fields, one can fill in the document the form below and submit it. (Except relatives, two guarantors for joint guarantee are needed)

# Document to verify one's employment (Standard)

**Registration number :**

| **Name** | | **Date of Birth** | |
|---|---|---|---|
| **ID** | | **Contact No.** | |

| **Company** | **Designation** | **Period of Employment** | **Task** | **Industry** |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| **※ Respective working experience needs to be filled in.** | | | | |
| | | | | |
| **Total** | | Period of total employment : | | |

**Person to certify the document 1**

Name： (Signature)　　Date of Birth：

Address：

Workplace： Designation：　　landline： (Cell phone : )

Relationship with the applicant：

**Person to certify the document 2**

Name： (Signature)　　Date of Birth：

Address：

Workplace： Designation：　　landline： (Cell phone:)

Relationship with the applicant：

*Attach the copies of each identification card of a person to certify.

※Caution: ① If a person's information who can certify your employment such as Name, contact no. is missing, the documents will not be granted and job experiences one claimed to have will be null and void.

② For employment history overseas, the copy of work visa and immigration logs are needed. If the require documents are missed, this document couldn't be submitted.